মেহেরপুরে পৌঁছেছেন মুজিবনগর দিবসের প্রধান অতিথি মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী

১৭ এপ্রিল ঐতিহাসিক মুজিবনগর দিবসের বিশাল জনসভার প্রধান অতিথি গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মন্ত্রী আ ক ম মোজাম্মেল হক মেহেরপুর এসে পৌঁছেছেন।

আজ মঙ্গলবার (১৬ এপ্রিল) দুপুরের দিকে আ ক ম মোজাম্মেল হক সড়কপথে মেহেরপুর সার্কিট হাউজে এসে পৌঁছান।

এসময় মেহেরপুর জেলা প্রশাসনের পক্ষ থেকে জেলা প্রশাসক শামীম হাসান মন্ত্রীকে ফুলেল শুভেচ্ছা জানানো হয়। পরে মেহেরপুর জেলা পুলিশের একটি চৌকস দল তাকে গার্ড অব অনার প্রদান করে ।

এসময় মন্ত্রী সালাম গ্রহণ করেন। উপস্থিত ছিলেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের মন্ত্রী ও মেহেরপুর জেলা আওয়ামী লীগের সভাপতি ফরহাদ হোসেন এমপি, পুলিশ সুপার এসএম নাজমুল হক প্রমুখ।

আফ্রিকাতে নিহত শফিকুলের মরদেহ গাংনীতে পৌছেছে

দক্ষিণ আফ্রিকাতে নিহত গাংনী উপজেলার কাষ্টদহ গ্রামের শফিকুল ইসলামের (৪৫)মরদেহ আজ রবিবার সকাল সাড়ে ৮ টার সময় নিজ গ্রামে এসে পৌছেছে।

শফিকুল ইসলাম কাষ্টদহ গ্রামের আজিজুল হকের ছেলে।

শফিকুল ইসলাম ১৩ বছর কাতারে থাকার পর বাড়ি ফিরে আসেন। এর পর আবারো দক্ষিণ আফ্রিকাতে যান। সেখানে প্রায় ১২ বছর অবস্থান করছেন।